২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
জাতীয় স্কাউট ভবন (১২ ও ১৩ তলা)
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক
কাকরাইল, ঢাকা-১০০০।
www.jamuka.gov.bd

নম্বর-৪৮.০২.০০০০.০০১.০০.০২৩.১৩-৩২৫

তারিখঃ ২৬ আশ্বিন, ১৪২৮ বঃ
১১ অক্টোবর, ২০২১খ্রিঃ

বিষয়ঃ ২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ মুবিম এর স্মারক নং-৪৮.০০.০০০০.০১১.০৯৯.০০১.২১-১৯৪, তারিখঃ ০৫ অক্টোবর ২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থ বছরের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের বার্ষিক প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশের নিমিত্ত জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২০২০-২০২১ অর্থ বছরে বিভিন্ন উন্নয়ন মূলক কর্মকান্ডের সংক্ষিপ্ত তথ্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০১ পাতা।

১১/১০/২১

(মোঃ জহুরুল ইসলাম রোহেল)
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৫৮৩১৩৪০৬
ই-মেইল: dg@jamuka.gov.bd

সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহনপুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের বিভিন্ন উন্নয়ন মূলক কার্যক্রম সংক্রান্ত তথ্য নিম্নরুপঃ

২০০২ সালের ০৫ই এপ্রিল ০৮ নং আইনের আওতায় জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের যাত্রা শুরু হলেও জামুকার মূল কার্যক্রম শুরু হয় ২৭/০১/২০১০ তারিখে জামুকার ১ম সভার মাধ্যমে। ২০২০-২০২১ অর্থ বছরে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের মাধ্যমে উল্লেখযোগ্য যেসকল উন্নয়ন মূলক কার্যাবলী সম্পন্ন করা হয়েছে তা নিম্নরুপ:

| | | | |
|---|---|---|---|
| ক। | বেসামরিক মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ১৪৬৬ জন সাধারণ মুক্তিযোদ্ধার নাম (বেসামরিক) গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| খ। | অমুক্তিযোদ্ধাদের গেজেট ও সনদ বাতিলের সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ১৭৫ জনের গেজেট ও সনদ বাতিলের জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| গ। | নারী মুক্তিযোদ্ধাদের (বীরাঙ্গনা) গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ৮৩ জন নারী মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) কে গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| ঘ। | মুজিবনগর সরকারের কর্মচারীদের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ৫৭ জন মুজিবনগর সরকারের কর্মচারীর নাম গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| ঙ। | চিকিৎসেবা সেবা প্রদানকারী মেডিকেল টিমের সদস্যদের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ১৮ জন বাংলাদেশ হাসপাতাল বিশ্রামগঞ্জ নির্মাণ এবং চিকিৎসাসেবা প্রদানকারী মেডিকেল টিমের সদস্যদের নাম গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| চ। | সাংস্কৃতিক সংগঠনের শব্দ সৈনিকগণের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ১৯ জন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে অংশগ্রহণকারী এবং মুক্তিযুদ্ধকালে গঠিত সাংস্কৃতিক সংগঠনের শব্দ সৈনিকগণের নাম গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| ছ। | শহীদ মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ৩৭৭ জন শহীদ মুক্তিযোদ্ধার নাম গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| জ। | যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ৪১ জন যুদ্ধাহত মুক্তিযোদ্ধার নাম গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| ঝ। | বাহিনী গেজেট বাতিল করে বেসামরিক গেজেটভুক্তির সুপারিশ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল হতে ২০২০-২০২১ অর্থ বছরে ৫৯৫ জনের বাহিনী গেজেট বাতিল করে বেসামরিক গেজেটভুক্তির জন্য সরকারের নিকট সুপারিশ প্রেরণ করেছে। |
| ঞ। | সংগঠন/সমিতি নিবন্ধন | : | বীর মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধার সন্তানদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ২৭০টি নিবন্ধিত সংগঠনের মাধ্যমে একদিকে যেমন মুক্তিযুদ্ধের আদর্শ ও চেতনাকে প্রজন্ম থেকে প্রজন্মান্তরে সঞ্চারিত করা সম্ভব হচ্ছে তেমনি ক্ষুদ্র পুঁজি বিনিয়োগ করে সংগঠনের সদস্যগণ (বীর মুক্তিযোদ্ধা বা তাদের সন্তান-সন্ততি) আর্থিকভাবে লাভবান হচ্ছে। |
| ট। | সেবা পদ্ধতি সহজীকরণ | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল ডাটাবেস (Database) নির্ভর তথ্যের ভান্ডার ও ডিজিটাল প্রক্রিয়ায় কার্যসম্পাদন হয় এরুপ ডাটাবেস (Database)/(Application) তৈরি করার জন্য সচেষ্ট আছে। ইতোমধ্যে জামুকা হতে এসএমএস সার্ভিস সফটওয়্যার নামে একটি ডিজিটাল সেবা কার্যক্রম চালু করা হয়েছে। |
| ঠ। | হেল্প ডেস্ক স্থাপন | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৩তম তলায় সেবাপ্রত্যাশী/মুক্তিযোদ্ধা বা তার পরিবার/ প্রতিনিধিদের সুবিধার্থে ১টি সুন্দর হেল্প ডেস্ক স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। এখানে একজন দক্ষ কর্মচারীকে পদায়ন করা হয়েছে। উক্ত হেল্প ডেস্কে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানারসহ ইন্টারনেট সংযোগ রাখা হয়েছে। এতে আংশিকভাবে কাজ শুরু করা হয়েছে। শতশত সেবাপ্রত্যাশী এখান থেকে তাদের চাহিত তথ্যাদিসমূহ জেনে উপকৃত হচ্ছে। |
| ড। | মুজিব কর্ণার কাম লাইব্রেরী স্থাপন | : | জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ১৩তম তলায় মুক্তিযোদ্ধার, মুক্তিযোদ্ধা পরিবারের সার্বিক কল্যাণের/ মুক্তিযুদ্ধের চেতনা সম্প্রসারণের লক্ষ্যে একটি সুন্দর মুজিব কর্ণার কাম লাইব্রেরী স্থাপনের কাজ সম্পন্ন করা হয়েছে। এখানে সেবাপ্রত্যাশীদের বসার জন্য সোফা সেট, টিভি সেট, বুকসেল্প, বঙ্গবন্ধুর ছবি ইত্যাদি স্থাপন করা হয়েছে। এছাড়া বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কিত তথ্য, উল্লেখযোগ্য বাণী, ভিডিও চিত্র, মুক্তিযুদ্ধ সম্পর্কিত বই পুস্তক সংগ্রহ করার কাজ সহসা সম্পন্ন করা সম্ভব হবে। |
| ঢ। | বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন শীর্ষক প্রকল্প | : | ২৪৮০.৩৫ কোটি টাকা ব্যয়ে মার্চ/২০২১-জুন/২০২৩ মেয়াদে "বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা বাস্তবায়ন" শীর্ষক প্রকল্প চলমান আছে যা বর্তমানে পরিকল্পনা কমিশনের অনুমোদনের অপেক্ষায় রয়েছে। |

মোঃ ফারুক হোসেন
কম্পিউটার অপারেটর
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

মোঃ সোলায়মান কবির
সহকারী পরিচালক (প্রশাসন)
জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল

মোহাম্মদ ইউছুফ
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)